

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়


**গণ-বিজ্ঞপ্তি**

যেহেতু নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৮.১৯-৩৩, তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০১৯ মোতাবেক নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী খাগড়াছড়ি পার্বত্য জেলার দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড় উপজেলাসমূহের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৮ ফেব্রুয়ারি ২০১৯	সোমবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ ফেব্রুয়ারি ২০১৯	বুধবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৭ ফেব্রুয়ারি ২০১৯	বুধবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৮ মার্চ ২০১৯	সোমবার

২। এক্ষণে, সেহেতু, আমি মোহাম্মদ জাহিদ হোসেন, জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও রিটার্নিং অফিসার উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, **দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড়** উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে (জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, খাগড়াছড়ি) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে) আগামী **১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ** অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

৩। উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনেও মনোনয়নপত্র দাখিলের সুযোগ রয়েছে।



মোহাম্মদ জাহিদ হোসেন

জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি

ও

রিটার্নিং অফিসার

উপজেলা পরিষদের নির্বাচন/২০১৯

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ।

তারিখঃ ০ ৭ দিন ০ ২ মাস ২ ০ ১ ৯ বৎসর

নং-১৭.০৩.৪৬০০.০০০.৪০.০৪৩.১৯-২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

০২। মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম।

০৫। যুগ্ম সচিব, নির্বাচন পরিচালনা-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

০৬। মহা-পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।

০৭। রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি রিজিয়ন/গুইমারা রিজিয়ন।

০৮। সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি/গুইমারা।

০৯। মহা-ব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, সিআইবি, বাংলাদেশ ব্যাংক।

১০। জেলা প্রশাসক, খাগড়াছড়ি ও আপীলকারী কর্তৃপক্ষ।

১১। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম

১৩। উপসচিব, নির্বাচন পরিচালনা-২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

১৪। উপজেলা নির্বাহী অফিসার, দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৬। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি (বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)

১৭। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড়, খাগড়াছড়ি (গণ-বিজ্ঞপ্তি তাঁর উপজেলার দর্শনীয় স্থানসমূহে বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো)

১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৯। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা ও রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২০। সভাপতি/সম্পাদক, খাগড়াছড়ি প্রেসক্লাব, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২১। নোটিশ বোর্ড।



জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি

ও

রিটার্নিং অফিসার